



## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2021

বাংলা

সপ্তম পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

৬নং প্রশ্ন এবং অন্য যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

- ১। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০
- (ক) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমণীয়তা লাভ করে ? বাংলা সাহিত্যের একটি সফল রম্যরচনা বিশ্লেষণের মাধ্যমে এই সংক্রপটির লক্ষণগুলি পরিস্ফুট করো। ৪+৬
- (খ) ব্যক্তিগত পত্র কোন্ কোন্ গুণে পত্রসাহিত্য হয়ে ওঠে ? বাংলা পত্রসাহিত্য সম্পর্কে একটি অনতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ৫+৫
- (গ) প্রবন্ধ কাকে বলে ? প্রবন্ধকে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায় ? উপযুক্ত উদাহরণসহ বস্তুনিষ্ঠ প্রবন্ধ সম্পর্কে আলোচনা করো। ২+২+৬
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো **দুটি**) ৫+৫
- (অ) ডায়েরি (আ) ভ্রমণ সাহিত্য (ই) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ।
- ২। ‘হাস্যরসের উপস্থাপনা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত ‘কমলাকান্তের দপ্তর’কে স্বতন্ত্র মর্যাদা দিয়েছে।’ — আলোচনা করো। ১০
- অথবা
- ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থের অন্তর্গত ‘বিড়াল’ প্রবন্ধে সমাজ সমস্যার যে ছবি বঙ্কিমচন্দ্র তুলে ধরেছেন, তার যথার্থ বিচার করো। ১০
- ৩। বিশ্বপ্রকৃতির সঙ্গে নিসর্গমুগ্ধ কবি-হৃদয়ের যে ছবি ‘ছিন্নপত্র’র পাঠ্য পত্রগুলিতে ফুটে উঠেছে, তার পরিচয় দাও। ১০
- অথবা
- ‘ছিন্নপত্র’-এর বহুপত্র ‘গল্পগুচ্ছ’ গ্রন্থের অনেক ছোটগল্পের পূর্বসূত্র পাওয়া যায় — আলোচনা করো। ১০
- ৪। ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধে লেখক অন্নদাশঙ্কর রায় ভারতের ভাষা সমস্যার সমাধান কীভাবে করেছেন তা আলোচনা করো। ১০
- অথবা
- ‘কৃষি সমস্যা ও আমরা’ প্রবন্ধে প্রাবন্ধিক কৃষি সমস্যার উৎস সন্ধানে যে যে তথ্যের উল্লেখ করেছেন তা বিশ্লেষণ করো। ১০

- ৫। “কেমন করে রবীন্দ্রনাথকে এড়াতে পারবো-অবচেতন, কখনো বা চেতন মনেই এই চিন্তা কাজ করে গেছে এঁদের মনে...” — কোন্ প্রবন্ধে, কাদের সম্পর্কে, কে এই ভাবনা ব্যক্ত করেছেন? প্রাবন্ধিকের এই মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১+৭

অথবা

‘আধুনিক সাহিত্য মানুষের সাহিত্য-এই হল আধুনিক সাহিত্য সম্বন্ধে প্রধান কথা। মানব সত্য নিয়েই আধুনিক সাহিত্য।’ — গোপাল হালদারের ‘আধুনিক সাহিত্য’ অনুসরণে মানুষের সম্বন্ধে আমাদের মূল্যবোধ কীভাবে ক্রমশ গভীর ও নিগূঢ় হয়ে উঠেছে, তা নির্দেশ করো। ১০

- ৬। নিম্নলিখিত **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ২০×১= ২০

- (ক) মধ্যযুগে বাংলা সাহিত্যে মানবতাবাদ।  
(খ) ঊনবিংশ শতকের বাংলা গীতিকবিতা।  
(গ) সমাজ ও সাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান।  
(ঘ) রবীন্দ্র-ছোটগল্পে শিশু ও কিশোর চরিত্র।  
(ঙ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বিজ্ঞান চেতনা।  
(চ) উনিশ শতকের সাময়িক পত্র।

**N.B. :** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—